41

দৈনিক ইনকিলাব

তারিখ 21 MAR 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

## এসএসসি পরীক্ষায় কম্পিউটার পদ্ধতি

আমাদের দেশে এই প্রথম বারের মত পরীক্ষা ক্ষেত্রে কম্পিউটার পদ্ধতি চালু হতে যাচ্ছে। ১৯৯৪ সনের এসএসসি পরীক্ষার মাধ্যমে এই পদ্ধতি চালু করা হচ্ছে। এটি নিঃসন্দেহে প্রশংসার দাবিদার। তবে এই পদ্ধতি আমাদের দেশে একেবারেই নতুন হওয়ার পরীক্ষার্থীদের নিকট অত্যন্ত জটিল বলে মনে হচ্ছে।

এসএসসি পরীক্ষার নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তরপত্র ও এস আই এফ ফরম পূরণ সম্পর্কে বাংলাদেশ টেলিভিশনে দু'টি অনুষ্ঠান দেখান হয়েছে। অনুষ্ঠান দু'টি দেখে নৈর্ব্যক্তিক পত্রের উত্তরপত্রের কম্পিউটার পদ্ধতি পরীক্ষার্থীদের জন্য অত্যন্ত জটিল বলে মনে হচ্ছে। এই নতুন পদ্ধতিতে স্বল্প সময়ে নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তর করা খুবই কঠিন হবে। তাই এই পদ্ধতি সম্পর্কে পরীক্ষার্থীদেরকে পূর্বেই ধারণা দেওয়া প্রয়োজন।

অতএব, সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আমার আকুল আবেদন এই যে, নৈর্ব্যক্তিক প্রশ্নের ও উত্তরপত্রের ছক-এর এককপি করে 'নমুনা কপি' প্রত্যেক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট পাঠানো হোক।

যেহেতু আমাদের দেশে এই প্রথম পরীক্ষা ক্ষেত্রে কম্পিউটার পদ্ধতি চালু হতে যাচ্ছে সেহেতু পরীক্ষার্থীদের সুবিধার্থে উক্ত ফরমের নমুনা কপি প্রত্যেক বিদ্যালয়ে প্রেরণ করা একান্ত প্রয়োজন বলে আমি মনে করি।

এ ব্যাপারে সরকার ও সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

এস এম মজিবুর রহমান, আলুনিয়া উচ্চ বিদ্যালয়, ফরিদ্গঞ্জ, চাঁদপুর।